উপজেলা পরিষদ কার্যালয়

রামু, কক্সবাজার

## উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

সভাপতি : জনাব সোহেল সরওয়ার কাজল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ : ৩১ আগষ্ট ২০২১ খ্রি., মঙ্গলবার, সময় : সকাল ১০.০০ টা

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর মোকাবেলায় সকলকে স্বাস্থ্য সচেতন হওয়ার জন্য এবং সরকারি নির্দেশনা মোতাবেক সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচলের জন্য অনুরোধ জানান। সভায় উপজেলা নির্বাহী অফিসার কোভিড-১৯ পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে করোনা রোগীরা যাতে হাসপাতালে ও নিজ বাড়ীতে আইসোলেশনে থাকে সেব্যাপারে উপস্থিত চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। জনসমাগম এলাকায় বিশুদ্ধ পানি ও সাবান দিয়ে হাত ধোয়ার স্থান নির্ধারণ করে দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। অত:পর সভায় বিগত ২৭ জুলাই ২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত মাসের সভার কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সভায় উপজেলা প্রকৌশলী ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য খাত ভিত্তিক অগ্রাধিকার তালিকা আগামী ০৭ দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ জানান। তিনি বিগত বন্যায় ক্ষতিগ্রস্থ সড়ক অগ্রাধিকার বিবেচনায় মেরামত ও উন্নয়ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আর্কষণ করেন। স্ব স্ব ইউপি চেয়ারম্যানগণ যে সকল স্কীম দাখিল করবেন তা যাতে জনগুরুত্বপূর্ণ হয় সেই দিকে দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।<br><br>সকল ইউপি চেয়ারম্যানগণ আগামী ০৭ দিনের মধ্যে খাত অনুযায়ী অগ্রাধিকার তালিকা দাখিল করবেন। তালিকা প্রাপ্তির পর উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ০২. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, ভ্যাকসিন নেয়া ব্যক্তি কোভিডে আক্রান্ত হলেও সংকটাপন্ন হওয়ার সম্ভাবনা কম। যারা ইতিমধ্যে ১ম ডোজ সম্পন্ন করেছেন তাদেরকে ২য় ডোজ দেয়া হচ্ছে। করোনা রোগীদের সেবায় রামু করোনা ডেডিকেটেড হাসপাতালে ১০০০ লিটারের সেন্ট্রাল অক্সিজেন প্লান্ট প্রস্তুত রাখা হয়েছে। আইসোলেশন সেন্টারে ০২ জন ডাক্তার ও ০৪ জন নার্স প্রস্তুত রয়েছে। জনসাধারণকে করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করার জন্য এলাকায় ব্যাপক প্রচারের প্রয়োজন রয়েছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। তিনি জনগণকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সরকারি নির্দেশনা মোতাবেক ভ্যাকসিন প্রদান করবেন; করোনা ভাইরাস প্রতিরোধের জন্য জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করবেন এবং করোনা রোগীদের চিকিৎসার জন্য আইসোলেশন সেন্টার প্রস্তুত রাখবেন ও কমিউনিটি হেলথ ক্লিনিকে রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, সার ডিলারদের মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। যেসকল ওয়ার্ডে খুচরা সার ডিলার শূণ্য রয়েছে সেসকল ওয়ার্ডে পূনরায় সার ডিলার নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলায় বর্তমানে সারের কোন সংকট নেই। সভায় সভাপতি উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা নিয়মিত আহ্বানের জন্য অনুরোধ জানান।<br><br>খুচরা সার ডিলার নিয়োগের ব্যাপারে স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ উপজেলা কৃষি কর্মকর্তাকে সহযোগিতা প্রদান করবেন। উপজেলা কৃষি কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং নিয়মিত উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহ্বান করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৪. | প্রাণি সম্পদ বিভাগ | প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি মাসে ৩৬৩০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে, ৬২৭০০ টি হাঁস-মুরগির টীকা প্রদান করা হয়েছে, ২৭০০টি গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ২৫০ টি গাভীকে কৃত্রিম প্রজনন চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।<br><br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা গবাদি পশু এবং হাঁস-মুরগীর চিকিৎসা সেবা সুষ্ঠুভাবে প্রদান করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৫. | মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, শীঘ্রই অত্র উপজেলায় মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভূমি, বর্ষাপ্লাবিত ধানক্ষেত, প্লাবনভূমি ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণ ও বিতরণ কর্মসূচি শুরু হবে। মৎস্য ও চিংড়ি খামার/পুকুর চাষীদের মৎস্য খামারের নিয়মিত মাটি ও পানি পরীক্ষাসহ মাছ রোগাক্রান্ত হলে প্রতিরোধের বিষয়ে সহযোগিতা প্রদান করা হচ্ছে। জাটকা নিধন প্রতিরোধের অংশ হিসেবে নিয়মিত অভিযান চালানো হচ্ছে।<br><br>উপজেলা মৎস্য কর্মকর্তা অভ্যন্তরীণ জলাভূমি, বর্ষাপ্লাবিত ধানক্ষেত, প্লাবনভূমি ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণ ও বিতরণ কর্মসূচি সম্পন্ন করবেন এবং নিয়মিত বাজার পরিদর্শনপূর্বক আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রামু, কক্সবাজার |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৭. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। অনলাইন পাঠদান চলমান রয়েছে। বিদ্যালয়ের ডিজাইন উপজেলা প্রকৌশলী'র কার্যালয়ের সাথে সমন্বয় করার জন্য সংশ্লিষ্টদের দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>এনজিও কর্তৃক ভবন নির্মাণে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের সাথে ডিজাইন সমন্বয়ের বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ০৮. | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, চলতি মাসে গর্ভবতীর সংখ্যা ২৭০জন, মোট গর্ভবতী ১২৮৪ জন। ২০৩ জনকে প্রসব সেবা প্রদান করা হয়েছে। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৮১৩৯ জন। মাঠ পর্যায়ে সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। উপজেলায় পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার ৮১.৬৮%।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নিয়মিত ক্লিনিকসমূহ পরিদর্শন করে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৯. | মহিলা বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, সামাজিক দূরত্ব বজায় রেখে আইজিএ প্রশিক্ষণ চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং বিভিন্ন ভাতা প্রদানের বিষয়ে নিয়মিত সভা আহ্বান করবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১০. | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, যুব ঋণ গ্রহীতার সংখ্যা ৭৬৩ জন। ঋণ আদায়ের হার ৯৪.৪%। পরিবার ভিত্তিক ঋণ গ্রহীতার সংখ্যা ৪৬৩ জন। ঋণ আদায়ের হার ১০০%। চলতি মাসে ১৮টি যৌতুক বিরোধী সভা অনুষ্ঠিত হয়েছে।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম ১০০% নিশ্চিত করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১১. | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, আশ্রয়ণ/আবাসন প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ঋণ আদায় ১০০% নিশ্চিতের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>উপজেলা সমবায় কর্মকর্তা ঋণ আদায়ের হার ১০০% নিশ্চিত করবেন। আশ্রয়ণ/আবাসন প্রকল্পসমূহ সরেজমিনে যাচাইপূর্বক সমস্যা চিহ্নিত করে পরবর্তী মাসের ০১ তারিখ উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১২. | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, অনলাইনে ভাতা প্রদান কার্যক্রম চলমান। বিভিন্ন ভাতাদি বিতরণে সংশ্লিষ্ট কমিটির সাথে আলাদা আলাদা সভা আহ্বানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ইউপি চেয়ারম্যানগণ বিভাজনসহ ভাতাভোগীদের যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ জানান।<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সকল ভাতা বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত আলাদা আলাদা সভা আহ্বান করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু<br>২। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৩. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জানান, করোনা ভাইরাসের কারণে সরকারি নির্দেশনা মোতাবেক বিগত ১৭ মার্চ ২০২০ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। অনলাইনে পাঠদান কার্যক্রম এবং এ্যাসাইনমেন্ট ভিত্তিক পড়ালেখা কার্যক্রম চলমান রয়েছে।<br>সুষ্ঠুভাবে অনলাইন শিক্ষা এবং এ্যাসাইনমেন্ট ভিত্তিক পড়ালেখা কার্যক্রম সম্পন্ন করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৪. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, করোনা ভাইরাস প্রতিরোধে জনগণকে সচেতন করা হচ্ছে। সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের ২৮৬টি এবং ২০২০-২০২১ অর্থ বছরের ২৮৬টি নলকূপের সাইট লিষ্ট পাওয়া গিয়েছে। এবিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ প্রকল্পের আওতায় টিউবওয়েল স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করবেন এবং করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সচেতন করবেন। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রামু, কক্সবাজার |
| ১৫. | আনসার ও ভিডিপি বিভাগ | সভায় আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলার অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা প্রকৌশলীসহ সরেজমিনে যাচাইপূর্বক উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভবন নির্মাণের বিষয়ে আগামী সভায় প্রতিবেদন দাখিল করা হবে।<br>সহকারী কমিশনার (ভূমি), রামু, উপজেলা প্রকৌশলী এবং উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা উপজেলা সমাজ সেবা অফিসের পশ্চিম পাশে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভবন নির্মাণের বিষয়ে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | ০১। আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু,<br>০৩। সহকারী কমিশনার (ভূমি), রামু |
| ১৬. | খাদ্য বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম সভায় জানান, অত্র উপজেলায় বর্তমানে খাদ্যের কোন সংকট নেই। খাদ্য গুদামে পর্যাপ্ত খাদ্য মজুদ রয়েছে।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা মনিটরিং এর বিষয়ে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৭. | বন বিভাগ | সভায় উপস্থিত রেঞ্জ কর্মকর্তা জানান, বর্ষা মৌসুমে পাহাড় ধ্বসের সম্ভাবনা রয়েছে। তিনি পাহাড়ের চূড়ায় ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত পরিবারকে নিরাপদ স্থানে সরিয়ে ফেলার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। কাঠ পাচাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে মর্মে সভায় অবহিত করেন।<br>স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ পাহাড়ের চূড়ায় ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত সকল পরিবারকে নিরাপদ স্থানে চলে যাওয়ার জন্য ব্যাপক প্রচার প্রচারনায় সহযোগিতা প্রদান করবেন। রেঞ্জ কর্মকর্তাগণ কাঠ পাচার রোধে অভিযান অব্যাহত রাখবেন। | ১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। সকল রেঞ্জ কর্মকর্তা/ বিট কর্মকর্তা, রামু |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভা হতে নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৯. | আমার বাড়ী আমার খামার প্রকল্প | সভায় সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প জানান, চলতি মাসে ২১২টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে এবং ৩১০টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ৩৮,৭০,০০০/- সঞ্চয় আদায় করা হয়েছে। ৭৫,৯০,৭০০/- ঋণ আদায় করা হয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা রুজু কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মাঠ পর্যায়ে ঋণ আদায়ের হার ১০০% নিশ্চিত করার জন্য অনুরোধ জানান।<br>সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার নিয়মিত প্রকল্প পরিদর্শন করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, রামু, কক্সবাজার |
| ২০ | তথ্য আপা প্রকল্প সংক্রান্ত | সভায় উপজেলা তথ্য সেবা কর্মকর্তা জানান, উঠান বৈঠকের মাধ্যমে করোনা ভাইরাসের বিষয়ে জনগণকে সচেতন, হটলাইন নাম্বার এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ঠিকানাসহ সব ধরণের তথ্য প্রদান করা হচ্ছে। চলতি মাসে সেবা গ্রহিতার সংখ্যা ৭৬০ জন। ১৫২টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।<br>তথ্য আপা কর্মকর্তা মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | তথ্য সেবা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ২১. | বিদ্যুৎ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, বিদ্যুৎবিহীন এলাকায় বিদ্যুৎ সংযোগ অব্যাহত রয়েছে। নতুন বিদ্যুতের খুটি বসানোর কাজ চলমান। অবৈধ টমটম চার্জের কোন তথ্য পাওয়া গেলে সাথে সাথে বিদ্যুৎ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ জানান। উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বর্ষা মৌসুমে লোডশেডিং বন্ধ করা এবং গ্রাহকদের অতিরিক্ত বিদ্যুৎ বিল প্রদান না করার জন্য অনুরোধ জানান।<br>আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), লোডশেডিং বন্ধ করবেন এবং মিটার রিডিং দেখে গ্রাহকদের বিদ্যুৎ বিল দাখিল করবেন ও বৈধ লাইসেন্স দেখে টমটম চার্জের জন্য বিদ্যুৎ সংযোগ প্রদান করবেন। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), রামু |
| ২২. | পরিসংখ্যান বিভাগ | সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান, জনশুমারী ২০২১ এর কার্যক্রম করোনা ভাইরাসের কারণে সাময়িকভাবে স্থগিত রয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক শীঘ্রই শুরু করা হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করবেন। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ২৩. | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান, নতুন ভোটার নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার ভুয়া জন্মনিবন্ধন সনদ এবং নকল কাগজপত্র দাখিল করে কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সেব্যাপারে সজাগ থাকার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাচন কর্মকর্তা আগামী সভায় এবিষয়ে অগ্রগতি উপস্থাপন করবেন এবং রোহিঙ্গারা যাতে ভোটার হতে না পারে সেব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণ করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউপি, রামু<br>২। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ২৪. | রাবার বাগান | ব্যবস্থাপক, রাবার বাগান জানান, রাবার উৎপাদন অব্যাহত রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার রাবার বাগানের জমি অবৈধভাবে কেউ যাতে দখল করতে না পারে সেব্যাপারে সজাগ থাকার জন্য অনুরোধ জানান।<br>ব্যবস্থাপক, রাবার বাগান রাবার উৎপাদন অব্যাহত রাখবেন এবং রাবার বাগানের জমি যাতে কেউ অবৈধভাবে দখল করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখবেন। | ব্যবস্থাপক, রাবার বাগান, রামু, কক্সবাজার |
| ২৫. | হর্টিকালচার সেন্টার | সভায় সহকারী উদ্যান কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>সহকারী উদ্যান কর্মকর্তা, হর্টিকালচার সেন্টারের আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপ-সহকারী উদ্যান কর্মকর্তা, হর্টিকালচার সেন্টার, রামু, কক্সবাজার |
| ২৬. | বিএডিসি (সেচ) এবং বিএডিসি (বীজ) | উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভায় নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।<br>বিএডিসি (সেচ) কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) স্কীম ম্যানেজারদের মনিটরিং করবেন। | বিএডিসি (বীজ) এবং বিএডিসি (সেচ) কর্মকর্তা, রামু |
| ২৭. | মানব পাচার সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান, সমুদ্র পথে অবৈধভাবে বিদেশে প্রবেশ করার ফলে আটকে পড়া বাংলাদেশী লোকদের পাসপোর্ট করা এবং দেশে ফেরত আনার বিষয়ে অত্র কার্যালয়ে আবেদন গ্রহণ করা হয়। তিনি আবেদন পত্রসমূহ সঠিকভাবে যাচাইপূর্বক প্রয়োজনীয় তথ্যাদিসহ প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ, জাতীয়তা সনদ, জন্মসনদ, ওয়ারিশ সনদ এবং এলাকায় বসবাসরত জমি সংক্রান্ত তথ্যাদি ও আবেদনকারীর বিষয়ে সঠিক তথ্যাদি সন্নিবেশিত করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানান। প্রাপ্ত প্রতিবেদনের আলোকে আবেদনসমূহ জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয় মর্মে সভায় অবহিত করেন। | ১। অফিসার ইনচার্জ, রামু থানা<br>২। চেয়ারম্যান/সচিব, ইউনিয়ন পরিষদ (সকল), রামু, কক্সবাজার |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২৮. | পানি উন্নয়ন বোর্ড সংক্রান্ত | সভায় পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি।<br>পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার |
| ২৯. | সড়ক ও জনপথ বিভাগ | সভায় সড়ক ও জনপদ বিভাগের প্রতিনিধি উপস্থিত না থাকায় অগ্রগতি জানা যায়নি।<br>আগামী সভায় নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রতিনিধি, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার |
| ৩০. | পল্লী বিদ্যুৎ সংক্রান্ত | পল্লী বিদ্যুতের প্রতিনিধি জানান, বর্তমানে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বর্ষা মৌসুমে লোডশেডিং বন্ধের জন্য অনুরোধ জানান।<br>জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ, রামু উপজেলায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখবেন এবং লোডশেডিং বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি |
| ৩১. | বিবিধ: উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কার্যক্রম সংক্রান্ত | সভায় উপস্থিত ভাইস চেয়ারম্যানদ্বয় জানান, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে স্থায়ী কমিটির সভা নিয়মিত আহ্বান করা যাচ্ছে না। পরিস্থিতি স্বাভাবিক হলে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করা হবে। সভায় উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব বিভাগের প্রধানগণকে স্থায়ী কমিটির সভা আহ্বানের পর ০৭ দিনের মধ্যে সভার কার্যবিবরণী দাখিলের জন্য অনুরোধ জানান।<br>সমন্বয়কারী, এলজিসি এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | ১। সমন্বয়ক, এলজিসি, রামু<br>২। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রামু, |
| ৩২. | ফায়ার বিগ্রেড সংক্রান্ত | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস বর্ষা মৌসুমে পাহাড়ের পাদদেশে ঝুকিপূর্ণভাবে বসবাসরত জনসাধারণকে দ্রুত সরিয়ে ফেলার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। তিনি জানান, যেকোন দূর্যোগ মোকাবেলার জন্য ফায়ার বিগ্রেড সর্বদা প্রস্তুত রয়েছে। আগুন লাগার সাথে সাথে উক্ত স্থানে পৌঁছানোর জন্য রাস্তার সঠিক তথ্যসহ ফায়ার সার্ভিসকে জানানোর জন্য অনুরোধ জানান।<br>স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ পাহাড়ের পাদদেশে ঝুকিপূর্ণভাবে বসবাসরত জনসাধারণকে দ্রুত সরিয়ে ফেলার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। লীডার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সার্বক্ষণিক ফায়ার সার্ভিসের গাড়ি প্রস্তুত রাখবেন। আগুন লাগার সাথে সাথে রাস্তার তথ্যসহ ফায়ার সার্ভিসকে জানানোর ব্যাপারে ইউপি চেয়ারম্যানগণ জনগণকে সচেতন করবেন। | ১। লীডার, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স, রামু<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার |
| ৩৩. | ওয়েব পোর্টাল সচল রাখা সংক্রান্ত আলোচনা | সভায় সহকারী প্রোগ্রামার জানান, আগামী ০৭/০৯/২০২১ খ্রি. তারিখ উপজেলা ওয়েব পোর্টাল বিষয়ক কর্মশালা উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। তিনি এবিষয়ে সকল কর্মকর্তাদের সহযোগিতা কামনা করেন। উপজেলা নির্বাহী অফিসার ই-ফাইলিং কার্যক্রম, প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে প্রতিদিনের আয়ের পরিমাণ, শিক্ষা প্রতিষ্ঠানের এমএমসি এর তথ্য প্রেরণ ও ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদকরণ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম মনিটরিং এবং ত্রৈমাসিক সভার অগ্রগতি নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদসমূহের চিঠিপত্র উপজেলা নির্বাহী অফিসের ই-মেইল (unoramu@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ জানান।<br>সহকারী প্রোগ্রামার উপজেলা ওয়েব পোর্টাল বিষয়ক কর্মশালা সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। উদ্যোক্তাগণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ই-মেইলে (unoramu@mopa.gov.bd) প্রতিমাসের ১৫ তারিখ (পাক্ষিক) ও ৩০ তারিখ (মাসিক) আদায় বিবরনী সহকারী প্রোগ্রামার, রামু এর নিকট প্রেরণ করবেন। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সকল জরুরী চিঠিপত্র/বিজ্ঞপ্তি ই-মেইলে ইউনিয়ন পরিষদে প্রেরণ/গ্রহণ করবেন এবং খোলা জানালায় প্রতিদিনের প্রাপ্ত চিঠিপত্রাদি উপজেলা নির্বাহী অফিসারের নিকট দৈনিক প্রতিবেদন উপস্থাপন করবেন। সকল দপ্তর প্রধানগণ এবং সহকারী প্রোগ্রামার, রামু, ই-ফাইলিংয়ের মাধ্যমে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান করবেন। | ১। উদ্যোক্তা, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। সহকারী প্রোগ্রামার/তথ্য কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>৩। উপজেলা সকল কর্মকর্তা, রামু |
| ৩৪. | রামু উপজেলার হাটবাজার সংক্রন্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান, ১৪২৮ বাংলা সনে অত্র উপজেলার ১৫টি হাট-বাজারের মধ্যে ১৪টি হাট বাজার ইজারা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ০১টি বাজার (চাকমারকুল বাজার) পুনরায় ইজারা না হওয়া পর্যন্ত খাস আদায় করা হচ্ছে। ১৪২৮ বাংলা সনে হাট-বাজার ডাককারীদের হতে ইজারামূল্য আদায় করা হচ্ছে।<br>সহকারী কমিশনার (ভূমি), রামু চাকমারকুল বাজারের খাস আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উপজেলা নির্বাহী অফিসার ইজারা না হওয়া হাট বাজার পুনরায় ইজারা দেয়ার নিমিত্ত বিজ্ঞপ্তি দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার<br>২। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার |
| ৩৫. | উপজেলা পরিষদের রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ | উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণকে স্ব-স্ব দপ্তরের দিবা-রাত্রিকালীন নিরাপত্তা জোরদারের প্রয়োজন রয়েছে। অফিস প্রধানদেরকে স্ব-স্ব দপ্তরে কর্মরত সকল নিরাপত্তাপ্রহরী, অফিস গার্ড ও অফিস সহায়কদেরকে যৌথভাবে উপজেলা পরিষদে দিবা-রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য তিনি অনুরোধ জানান।<br>স্ব-স্ব অফিস/দপ্তরের প্রধানগণ যৌথভাবে রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন। অফিসার ইনচার্জ, রামু থানা উপজেলা পরিষদের নিরাপত্তা টহল জোরদার করবেন। | ১। উপজেলার সকল কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার।<br>৩। অফিসার ইনচার্জ, রামু থানা |
| ৩৬. | নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ভেজাল ও দূষণ রোধকল্পে মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার খাবারে ভেজাল ও দূষণ | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা/ |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩৭. | সড়ক নিরাপত্তা কমিটি সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার জাতীয় মহাসড়ককে নিরাপদ রাখার জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও অফিসার ইনচার্জ, রামু থানাকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। সভায় এব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং উপজেলা প্রকৌশলী এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। অফিসার ইনচার্জ, রামু থানা এবিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। | ১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রামু<br>২। অফিসার ইনচার্জ, রামু থানা<br>৩। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ৩৮. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ | উপজেলা নির্বাহী অফিসার জানান, ব্যবসায়ীরা যাতে দ্রব্য মূল্যের দাম অন্যায়ভাবে বৃদ্ধি করতে না পারে সেজন্য হাট-বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি রোধে এবং অনুমোদনহীন খাদ্য দ্রব্য বিক্রি বন্ধ করার জন্য ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের আওতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।<br><br>সহকারী কমিশনার (ভূমি), রামু দ্রব্য মূল্য বৃদ্ধি রোধে এবং মানহীন খাদ্য দ্রব্য বিক্রি বন্ধের নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন এবং সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | ১। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার<br>২। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার |
| ৩৯. | ইউনিয়ন পরিষদে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, দূর্যোগ ব্যবস্থাপনাসহ শিশুদের জন্য স্বাস্থ্য সেবা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে করণীয় সম্পর্কে ও সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে প্রচার অভিযানকে এজেন্ডা হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান, এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দূর্যোগ ব্যবস্থাপনাসহ শিশুদের জন্য স্বাস্থ্য সেবা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে করণীয় সম্পর্কে প্রচার অভিযান এজেন্ডা হিসাবে অন্তর্ভূক্ত করবেন। | ১। সংশ্লিষ্ট কমিটি<br>২। চেয়ারম্যান/সচিব, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার। |
| ৪০. | উপজেলায় ০১টি মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান, "প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মডেল মসজিদ কমপ্লেক্স ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় মন্ডল পাড়া মাইমুন আলী কবরস্থান সংলগ্ন মসজিদের নির্মাণ কাজ চলমান রয়েছে নির্মাণ কাজ তদারকি করা হচ্ছে।<br><br>উপজেলা প্রকৌশলী ও সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন নির্মাণ কাজ তদারকি করবেন। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রামু, কক্সবাজার |
| ৪১. | জন্মনিবন্ধন সংক্রান্ত আলোচনা | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান, জন্মনিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। শিশুদের টিকার কার্ডের তথ্যের ভিত্তিতে জন্মনিবন্ধন করা হচ্ছে। তাই টিকার কার্ড সংরক্ষণের ব্যাপারে জনগণকে সচেতন করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার কোন রোহিঙ্গা যাতে টিকার কার্ড সংগ্রহ করতে না পারে সে বিষয়ে স্বাস্থ্য পরিদর্শকদের প্রয়োজনীয় নির্দেশ দেয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, টিকার কার্ড প্রদানের ক্ষেত্রে সর্ব্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হচ্ছে।<br><br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রোহিঙ্গারা যাতে জন্মনিবন্ধন ও টিকার কার্ড সংগ্রহ করতে না পারে সেব্যাপারে সজাগ থাকবেন। | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ৪২ | উপজেলা প্রশাসন কর্তৃক ছাত্র-ছাত্রীদের স্বপ্ন যাত্রা বাসের মাধ্যমে ভ্রমন সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা প্রশাসন কর্তৃক ক্রয়কৃত স্বপ্ন যাত্রা গাড়ি বিগত ৩০ ডিসেম্বর ২০১৯ খ্রি. উদ্বোধন করা হয়। বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় উক্ত কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর এই বিষয়ে কার্যক্রম পুনরায় শুরু হবে।<br><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ৪৩ | পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রম সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, মুজিব বর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রমে সকল দপ্তর এবং জনগণকে সম্পৃক্ত করে যথাসম্ভব বিদ্যামান সম্পদ ও সুবিধাসমূহের সর্বোচ্চ ব্যবহার ও সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে এ কার্যক্রমটি বাস্তবায়ন করতে হবে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ জানান, এবিষয়ে ইউনিয়নের সদর ০১টি ওয়ার্ডকে চিহ্নিত করে প্রস্তুতি গ্রহণের নির্দেশনার আলোকে উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনা করে এবিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ৪৪ | রোহিঙ্গা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান, রোহিঙ্গারা অবৈধ উপায়ে ইউনিয়ন পরিষদ হতে জন্ম নিবন্ধন, নাগরিকত্ব সনদ এবং অন্যান্য সনদ সংগ্রহ করার সম্ভাবনা রয়েছে। তাই জন্মনিবন্ধন ও অন্যান্য সনদ প্রদানের ক্ষেত্রে ইউপি চেয়ারম্যানদের সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। সভাপতি রোহিঙ্গারা যাতে স্থানীয় বাংলাদেশী নাগরিকদের সাথে বিবাহে জড়িয়ে পড়তে না পারে এবং তাদেরকে বাসা ভাড়া না দেয়ার জন্য স্ব-স্ব এলাকায় কর্মরত দফাদার মহল্লাদার এবং ইউনিয়ন পরিষদ সদস্য/সদস্যা ও চেয়ারম্যানদেরকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। এলাকায় কোন রোহিঙ্গা পরিচয় গোপন রেখে অবস্থান করলে এবং নাগরিকত্ব ও ভোটার হওয়ার ব্যাপারে কোন তথ্য প্রমাণ/সন্ধান থাকলে বিষয়টি তাৎক্ষণিক অফিসার ইনচার্জ, রামু থানাকে অবহিত | ১। চেয়ারম্যান/সচিব/উদ্যোক্তা, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>৩। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রামু |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪৫ | উপজেলা পরিষদের জায়গায় দোকান বরাদ্দ প্রদান সংক্রান্ত আলোচনা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ দোকান বরাদ্দ কমিটি জানান, গত ১৪/০৬/২০২১ খ্রি. তারিখ উপজেলা পরিষদের দোকান বরাদ্দের নিমিত্ত স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ব্যবসায়ীগণ হতে আবেদন গ্রহণ করা হয়েছে। আবেদন বেশি হওয়ায় লটারীর মাধ্যমে দোকান বরাদ্দ দেয়া হবে। সভায় এব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সংশ্লিষ্ট দোকান বরাদ্দ কমিটি এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | ০১। সংশ্লিষ্ট দোকান বরাদ্দ কমিটি, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। সভাপতি, উপজেলা পরিষদ জামে মসজিদ |
| ৪৬ | অনুপস্থিত বিভাগসমূহ | সভায় উপজেলা নির্বাহী অফিসার মাসিক সাধারণ সভায় সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। সভায় অনুপস্থিত কর্মকর্তাগণ আগামী সভা হতে প্রতিনিধি ব্যতিত নিয়মিত উপস্থিত থাকবেন।<br>স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানগণ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। স্ব-স্ব বিভাগীয় প্রধানগণ<br>২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার |

অত:পর সভাপতি রামু উপজেলায় উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে স্ব-স্ব দপ্তর প্রধান ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সমন্বয়ের অনুরোধ জানান। রামু উপজেলায় (কোভিড- ১৯) করোনা ভাইরাস মোকাবেলার জন্য সকলকে স্বাস্থ্য সচেতন হওয়ার জন্য এবং এলাকার জনসাধারণকে মাস্ক পরিধানে উদ্বোদ্ধ করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সোহেল সরওয়ার কাজল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
রামু, কক্সবাজার

স্মারক নং: ০৫.২০.২২১৬.২২৬৬.০৪.০৫.২১- ৬৬৯ তারিখ: ৩১ আগষ্ট ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৬, কক্সবাজার -৩ ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রামু, কক্সবাজার।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, উপজেলা- ১ শাখা}
৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১২০৭।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

৮। সিভিল সার্জন, কক্সবাজার/নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/এলজিইডি/ উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/উপ-পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স/কক্সবাজার বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বিভাগীয় বন কর্মকর্তা, উত্তর/দক্ষিণ/জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কক্সবাজার/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার।
৯। ..............................................................................................................................।
১০-১১। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।
১২। উপজেলা..................................................কর্মকর্তা (সকল), রামু, কক্সবাজার।
১৩। চেয়ারম্যান..............................................ইউনিয়ন পরিষদ (সকল), রামু, কক্সবাজার।
১৪। জনাব...............................................................................................।
১৫। অফিস কপি।

০২.০৯.২১
উপজেলা নির্বাহী অফিসার

পরিশিষ্ট-ক, স্বাক্ষরের ক্রমানুসারে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ : ৩১ আগষ্ট ২০২১ খ্রিস্টাব্দ

০১। জনাব প্রণয় চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার
০২। জনাব সালাউদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
০৩। আফসানা জেসমিন পপি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
০৪। ডাঃ নোবেল কুমার বড়ুয়া, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার
০৫। জনাব আনোয়ারুল হোসাইন, অফিসার ইনচার্জ, রামু থানা
০৬। জনাব সোমেন বড়ুয়া, ষ্টেশন অফিসার, রামু ফায়ার সার্ভিস, রামু, কক্সবাজার
০৭। জনাব ফরিদুল আলম, চেয়ারম্যান, ফতেখাঁরকুল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
০৮। জনাব মুফিজুর রহমান, চেয়ারম্যান, রাজারকুল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
০৯। জনাব মোস্তাক আহমদ, চেয়ারম্যান, কাউয়ারখোপ ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
১০। জনাব কামাল সামশুদ্দিন আহমদ প্রিন্স, চেয়ারম্যান, জোয়ারিয়ানালা ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
১১। জনাব ফরিদুল আলম, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভাঃপ্রাঃ), রামু, কক্সবাজার
১২। জনাব আবদুল মাবুদ, চেয়ারম্যান, খুনিয়াপালং ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
১৩। জনাব ফিরোজ আহমদ ভূট্টো, চেয়ারম্যান, ঈদগড় ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
১৪। জনাব আবু মোঃ ইসমাইল নোমান, চেয়ারম্যান, কচ্ছপিয়া ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
১৫। জনাব সৈয়দ নজরুল ইসলাম, চেয়ারম্যান, গর্জনিয়া পরিষদ, রামু, কক্সবাজার
১৬। জনাব নুরুল ইসলাম সিকদার, চেয়ারম্যান, চাকমারকুল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার
১৭। জনাব ফরহাদ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার
১৮। জনাব মোহাম্মদ সাদেকুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার
১৯। জনাব মোঃ আব্দুল মজিদ, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, রামু, কক্সবাজার
২০। জনাব মাহবুবুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার
২১। জনাব ক্যাছাইমং চাক, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রামু, কক্সবাজার
২২। ডাঃ শাহজাদা মোহাম্মদ জুলকারনাইন, প্রাণিসম্পদ কর্মকর্তা, রামু, কক্সবাজার
২৩। জনাব মোঃ আবদুল মান্নান, জুনিয়র ইঞ্জিনিয়ার, পল্লী বিদ্যুৎ
২৪। জনাব মোঃ সরওয়ার জাহান, রেঞ্জ কর্মকর্তা, বাঘখালী রেঞ্জ
২৫। জনাব মোহাম্মদ আজিজুল হক, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, রামু, কক্সবাজার
২৬। জনাব গৌর চন্দ্র দে, উপজেলা শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার
২৭। জনাব আবু মাসুদ সিদ্দিকী, উপজেলা কৃষি কর্মকর্তা, রামু, কক্সবাজার
২৮। জনাব রিয়াদ হোসেন, উপ-সহকারী প্রকৌশলী, রামু বিদ্যুৎ সরবরাহ
২৯। জনাব কবির আহমদ, ইউসিও, উপজেলা সমবায় অফিস, রামু, কক্সবাজার
৩০। সুমী খাতুন, তথ্য সেবা কর্মকর্তা, রামু, কক্সবাজার
৩১। জনাব প্রতিপদ দেওয়ান, উপজেলা প্রকৌশলী (অঃ দাঃ), এলজিইডি, রামু, কক্সবাজার
৩২। শিখা বড়ুয়া, প্রতিনিধি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, রামু, কক্সবাজার.